

## সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৬০২

১৪/ সিয়াম (রোজা) (کتاب الصیام)

পরিচ্ছেদঃ ৩২. যে ব্যক্তির পক্ষে ক্ষতির আশংকা থাকে অথবা কারো হক নষ্ট করার আশংকা থাকে অথবা উভয় ঈদ ও তাকবীরে তাশরীকের দিনগুলোতে সাওম ছাড়ে না, এরূপ ব্যক্তির পক্ষে সারা বছর সাওম পালন করা নিষেধ এবং একদিন সাওম পালন করা ও একদিন সাওম পালন না করার ফ্যীলত

بَابِ النَّهْيِ عَنْ صَوْمِ الدَّهْرِ لِمَنْ تَضَرَّرَ بِهِ أَوْ فَوَّتَ بِهِ حَقًّا أَوْ لَمْ يُفْطِرْ الْعِيدَيْنِ وَالتَّشْرِيقَ وَبَيَانِ تَفْضِيلِ صَوْمِ يَوْمِ وَإِفْطَارِ يَوْمِ

## আরবী

وَحَدَّنَنِيهِ زُهَيْرُ بْنُ حَرْبٍ حَدَّنَنَا رَوْحُ بْنُ عُبَادَةً، حَدَّنَنَا حُسَيْنُ الْمُعَلِّمُ، عَنْ يَحْيَى، بْنِ أَبِي كَثِيرٍ بِهَذَا الإِسْنَادِ وَزَادَ فِيهِ بَعْدَ قَوْلِهِ " مِنْ كُلِّ شَهْرٍ ثَلاَثَةَ أَيَّامٍ " " فَإِنَّ لَكَ بِكُلِّ حَسَنَةٍ عَشْرَ أَمْثَالِهَا فَذَلِكَ الدَّهْرُ كُلُّهُ " . وَقَالَ فِي الْحَدِيثِ قُلْتُ وَمَا صَوْمُ نَبِيِّ اللَّهِ دَاوُدَ قَالَ " عَشْرَ أَمْثَالِهَا فَذَلِكَ الدَّهْرِ " . وَلَمْ يَذْكُرْ فِي الْحَدِيثِ مِنْ قِرَاءَةِ الْقُرْآنِ شَيْئًا وَلَمْ يَقُلْ " وَإِنَّ لِرَوْرِكَ عَلَيْكَ حَقًّا " . وَلَكِنْ قَالَ " وَإِنَّ لِوَلَدِكَ عَلَيْكَ حَقًّا " .

## বাংলা

২৬০২। যুহায়র ইবনু হারব (রহঃ) ... ইয়াহইয়া ইবনু আবৃ কাসীর (রহঃ) থেকে এই সনদে পূর্বোক্ত হাদীস বর্নিত হয়েছে। তবে এই সুত্রে "প্রতি মাসে তিন দিন সাওম পালন কর" কথার পর আরও আছে কেননা তোমার জন্য প্রতিটি ভাল কাজের পরিবর্তে তার দশগুন প্রতিদনি রয়েছে। অতএব তা এক বছর সাওম (রোযা/রোজা/সিয়াম/ছিয়াম) পালনের সমানই হল। এই হাদীসে আরও উল্লেখ আছে, "আমি (আবদুল্লাহ) বললাম, আল্লাহর নবী দাউদ (আঃ) এর সাওম কিরূপ ছিল? তিনি বললেন, অর্ধ বছর (সাওম পালন করা)" এই সুত্রে কুরআন তিলওয়াত সম্পর্কে কিছু উল্লেখ নাই এবং নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর একথাও উল্লেখ নাই "তোমার উপর তোমার স্ত্রীরও অধিকার রয়েছে।" বরং এতে উল্লেখ আছে "তোমার উপর তোমার সন্তানেরও অধিকার রয়েছে।"

## **English**

This hadith has been narrated by Yahya b. Abu Kathir with the same chain of



transmitters and he made this addition after these words:

During every month, (fasting) for three days, there is for you ten times for every good and that is perpetual fasting (for three days would bring a reward for full thirty days). I said: What is the fast of the Messenger of Allah, David? He said: Half of the age (observing fast on alternate days for the whole life). And in the hadith no mention has been made of the recital of the Qur'an, and he did not say: Your visitor has a right upon you, but (instead) he said: Your son has a right upon you.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ ইয়াহইয়া ইবনু আবী কাসীর (রহঃ)

**𝚱** Link — https://www.hadithbd.com/hadith/link/?id=12213

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন